# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

**বাংলাদেশ নৌবাহিনী, খুলনা**
ফোন নং ঃ ০২-৪৭৭৭২০০০৩
**Email: oiccomf.ksy@gmail.com**

টেন্ডার নং বাবি (এফ) - ১৩/পরিবহন/২০২৪-২০২৫ তারিখ: ০১ ডিসেম্বর ২০২৪

খোলার তারিখ: ০২ ডিসেম্বর ২০২৪ বেলা ১১:৩০ ঘটিকা।

মেসার্স... ... ... ... ... ... ... ... ... ... .......
... ... ... ... ... ... ... ... ... ... ... ..........
... ... ... ... ... ... ... ... ... ... ... ..........

**বিষয়ঃ চট্টগ্রাম সমুদ্র বন্দরে আমদানীকৃত মালামাল কন্টেইনারসহ টেইলার এর মাধ্যমে খুশিলিতে আনা এবং খালি কন্টেইনারসমূহ চট্টগ্রামে অবস্থিত নির্ধারিত ডিপোতে পৌঁছানোর জন্য পরিবহণ কাজের দরপত্র আহ্বান প্রসঙ্গে।**

খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা কর্তৃক জাহাজ নির্মানের জন্য বিভিন্ন মালামাল (প্যাকিং লিস্ট সংযুক্ত) ০২টি ৪০ফুট ওপেনটপ কন্টেনারের মাধ্যমে বন্দরে আমদানী করা হয়েছে। উক্ত ০২টি ওপেনটপ কন্টেইনার (মালামালসহ) চট্টগ্রাম বন্দর হতে খুশিলিতে আনা হবে এবং মালামাল আনলোড করে পূনরায় চট্টগ্রাম বন্দর/ ডিপোতে পৌছাতে হবে। উক্ত কাজের জন্য প্রকৃত পরিবহন ঠিকাদারের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নে মালামালের ওজন, প্যাকেজ এর পরিমান এবং অন্যান্য শর্ত উল্লেখ করা হলো:

| মালামালের নাম | ৪০ ফুট ওপেনটপ কন্টেইনার | মালামালের সর্বমোট ওজন | পরিবহন দর |
|---|---|---|---|
| **Electric Driven, Stiff Boom type Crane** | ০২ টি | ১৪,২০০.০০ কেজি<br>১৪,২০০.০০ কেজি | আনা নেওয়া বাবদ প্রতি টেইলার ভাড়া টাকা..................... |

**শর্তাবলী ঃ**

১। মালামাল ইতিমধ্যে চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে এবং মালামাল **আগামী ০২ ডিসেম্বর ২০২৪** তারিখে পরিবহন করতে হবে।

২। ০২টি টেইলারের মাধ্যমে মালামাল নির্দেশনা মোতাবেক একই দিনে চট্টগ্রাম বন্দর হতে পরিবহন করতে হবে এবং **২৪ ঘন্টার** মধ্যে খুশিলিতে পৌছাতে হবে। কন্টেইনার হতে মালামাল খুশিলিতে আনলোড পরবর্তী খালি কন্টেইনার **২৪ ঘন্টার** মধ্যে চট্টগ্রাম বন্দরে/ডিপোতে পৌছে দিতে হবে, অন্যথায় কন্টেইনার ডেমারেজ হলে তা পরিবহন ঠিকাদারকে বহন করতে হবে। এসংক্রান্তে পোর্ট/ডিপো হতে কন্টেইনার প্রাপ্তির রশিদ সংগ্রহ করত: খুশিলিতে জমা দিতে হবে।

৩। কন্টেইনার আনা এবং ফেরত নেওয়ার বিলম্বের জন্য ডেমারেজ এবং বিলম্বের কারনে খুশিলির কাজের কোন ক্ষতি হলে ক্ষতিপূরণ ঠিকাদারকে বহন করতে হবে।

৪। মালামাল টেইলার হতে নামানোর জন্য খুশিলির ক্রেন ও লেবার বিনা খরচে দেওয়া হবে।

৫। পরিবহনকালীন সময়ে দ্রব্যের কোন ক্ষয়ক্ষতি হলে তাহার সম্পূর্ণ দায়দায়িত্ব পরিবহন ঠিকাদারকেই বহন করতে হবে এবং ক্ষতিপূরণ দিতে ঠিকাদার বাধ্য থাকবে।

৬। পরিবহণকৃত টেইলার এবং ড্রাইভার এর প্রয়োজনীয় সকল বৈধ লাইসেন্স/ডকুমেন্টস এবং পরিবহণকারী ট্রেইলার এর অবশ্যই বীমা কভারেজ থাকতে হবে।

৭। দরদাতাগনের অবশ্যই ট্রান্সপোর্ট অফিস এবং টেলিফোন থাকতে হবে। কৃতকার্য দরদাতাকে পরিবহন কার্য ত্বরান্বিত করার জন্য শিপইয়ার্ডের নির্দেশ মোতাবেক অবিলম্বে কার্য আরম্ভ করতে হবে। বিলম্ব করলে বন্দর ডেমারেজ /কনটেইনার ডেমারেজসহ অন্যান্য ক্ষতি ঠিকাদার/ পরিবহনকারী সংস্থা কর্তৃক শিপইয়ার্ডকে পরিশোধ করতে বাধ্য থাকবে।

KHULNA SHIPYARD LIMITED BANGLADESH NAVY KHULNA

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৮। দরপত্র আগামী ০২ ডিসেম্বর ২০২৪ বেলা ১১:১৫ ঘটিকার মধ্যে খুশিলিতে টেন্ডার বক্সে/ ইমেইলে (oiccomf.ksy@gmail.com) জমা দিতে হবে এবং একই দিনে ১১:৩০ ঘটিকায় দরপত্র খোলা হবে।

৯। মালামাল পরিবহনের পর ১ (এক) কপি চালান ও ৩ (তিন) কপি বিল (ব্যাংক একাউন্ট নম্বরসহ) দাখিল করতে হবে এবং শিপইয়ার্ডের প্রধান ভান্ডার কর্তৃক সুপারিশের আলোকে হিসাব বিভাগ কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১০। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১১। দরপত্র দাতাদের নিম্ন লিখিত ডকুমেন্টস দরপত্রের সংগে দাখিল করতে হবে।

ক। আয়কর পরিশোধ সার্টিফিকেট
খ। ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট

১২। দরপত্র আবদ্ধ সীলমোহরকৃত খামের উপর নিম্নলিখিত ঠিকানা লিপিবদ্ধ করে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর মেইন গেট এর পার্শ্বে রক্ষিত টেন্ডার বাক্সের ভিতর ফেলতে হবে।

**ম্যানেজিং ডাইরেক্টর**
খুলনা শিপইয়ার্ড লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

টেন্ডার নংঃ বাবি (এফ) - ১৩/ পরিবহন / ২০২৪-২০২৫ তারিখ ০১ ডিসেম্বর ২০২৪ ।
টেন্ডার খোলার তারিখ ঃ **০২ ডিসেম্বর ২০২৪ বেলা ১১:৩০** ঘটিকা

১৩। উল্লিখিত কন্টেইনার (মালামালসহ) পরিবহনের জন্য এক বা একাধিক ঠিকাদার নিয়োগ, শর্তাবলী সংশোধন, সংযোজন এবং কোন প্রকার কারন দর্শানো ছাড়াই সংশ্লিষ্ট টেন্ডারটি বাতিল অথবা পূনঃ টেন্ডার করার ক্ষমতা খুলনা শিপইয়ার্ড লিমিটেড সংরক্ষন করে।

আপনাদের বিশ্বস্ত

শেখ শাহ মশিউর রহমান
ম্যানেজার এ্যাডমিন
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

... ... ... ... ... ... ... ... ...
দরদাতার স্বাক্ষর ও সীল
পূর্ণ ঠিকানা
ফোন নং ... ... ... ... ... ... ... ...
তারিখ ... ... ... ... ... ... ...